

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং-৩২.০১.৫২০২.০০০.২৫.০০২.১৭-৩৪

তারিখঃ ০৪/০৯/২০২৩ খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি।

এতদ্বারা আদিতমারী উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অধীনে, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ৩০ জন প্রশিক্ষণার্থীকে অক্টোবর/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ০৩ মাস মেয়াদে আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ভর্তি করা হবে। উক্ত প্রশিক্ষণে উপস্থিত প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণের দিনগুলোতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক মহিলাদেরকে সাদা কাগজে/নিদিষ্ট ফর্মে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট বরাবর লিখিত আবেদন করতে হবে।

আবেদন পত্রে ছবি ১ কপি, নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, বৈবাহিক অবস্থা, ছোট সন্তানের বয়স, নিজস্ব বসতবাড়ীতে জন্ম আছে কিনা, পূর্বে এ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন কিনা, মোবাইল নং ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রভৃতি তথ্য উপস্থাপন করতে হবে।


আবেদনপত্রের সহিত নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদ দাখিল করতে হবে।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে ১৮-৪৫ বছরের মধ্যে হতে হবে। শারীরিকভাবে প্রশিক্ষণ গ্রহণের সক্ষম হতে হবে।
- ২। আয়বৃদ্ধিমূলক কার্যক্রমভূক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের যোগ্যতা থাকতে হবে।
- ৩। মহিলা প্রশিক্ষণার্থীর আর্থিক অবস্থা দরিদ্র সীমার নীচে থাকতে হবে।
- ৪। ইতোপূর্বে কোন খাদ্য সাহায্য (ভিজিডি) বা আর্থিক ঋণ পাননি।
- ৫। ভূমিহীন ও স্বামী পরিত্যক্তা সহায় সম্বলহীন মহিলা অগ্রাধিকার পাবেন।
- ৬। দরিদ্র ও পরিবার প্রধান মহিলা, তিনি অগ্রাধিকার পাবেন।
- ৭। শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন ৫ম শ্রেণী পাশ।
- ৮। নির্বাচিত মহিলার পরিবার হতে যথাযথ সম্মতি থাকতে হবে।
- ৯। প্রশিক্ষণার্থীদের দলে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থী মহিলাদের সকাল ৯টা হতে বিকাল ৪টা পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক হতে হবে।

আগামী ০৫/০৯/২০২৩ তারিখ হতে ১৯/০৯/২০২৩ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদনপত্র গ্রহণ করা হবে। ২০/০৯/২০২৩ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে মৌখিক সাক্ষাৎকার গ্রহণপূর্বক চূড়ান্ত বাছাই করা হবে।

উক্ত তারিখে যথাসময়ে সকল আবেদনকারীকে প্রয়োজনীয় কাগজ পত্রসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


রশিদা খাতুন

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
আদিতমারী, লালমনিরহাট।


০৪/০৯/২০২৩

তারিখঃ ০৪/০৯/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-৩২.০১.৫২০২.০০০.২৫.০০২.১৭-৩৪

অনুলিপি অবগতি/কার্যার্থেঃ

- ১। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
- ৪। উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট।
- ৫। ভাইস চেয়ারম্যান(মহিলা)/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
- ৬। উপজেলা অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
- ৭। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
- ৮। নোটিশ বোর্ড।
- ৯। অফিস কপি।


রশিদা খাতুন

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
আদিতমারী, লালমনিরহাট।

০৪/০৯/২০২৩